

এ ভাবেও ভালো থাকা যায়।



একবিংশ শতকে আমাদের
বেঁচে থাকার ধরনটা বদলে
গিয়েছে চিকিৎসা বিজ্ঞানের
কল্যাণে। কিন্তু বেশি বয়স
অবধি বেঁচে থাকা
মানুষগুলি দীর্ঘদিন ধরেই
ভুগতে থাকেন—
অ্যালজাইমার,

ডিমেনশিয়া, ক্যানসার-এর

মতন ব্যাধিতে। কখনও চিকিৎসক, কখনও হাসপাতাল, নানা রকম
পরীক্ষা-নিরীক্ষায় জর্জরিত মানুষটিকে তো কোনও রকমে বাড়িতে
ফেরানো গেল। কিন্তু এর পরও বাকি থাকে যত্ন নেওয়ার বেশ
কিছুটা। 'কেয়ার কন্টিনিউয়াম প্রাইভেট লিমিটেড' একটি সংস্থা,
যারা প্রবীণদের 'আউট-অফ-হসপিটাল কেয়ার'-এই বিশেষভাবে
প্রশিক্ষিত। ২০১৪-এর মাঝামাঝি থেকে কলকাতায় এদের পথ
চলা শুরু। সম্প্রতি পার্ক হোটেল-এ তারা আয়োজন করেছিল
এমনই একটি সচেতনতামূলক সেমিনারের। ৪০টি প্রথম সারির
নার্সিং হোমের শীর্ষ পদের নার্সদের নিয়ে এমন সম্মেলন সম্ভবত এ
শহরে এই প্রথম সাদৃশ্যে অনুষ্ঠিত হল।